



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/খুলনা-৭০/২৭৬৫/৬

তারিখঃ ৫ .০৩.২০১৮খ্রিঃ

বিষয়ঃ সতর্ককরণসহ অত্র বোর্ড হতে জারিকৃত নং- বামাশিবো/প্রশাসন/খুলনা-৭০/২০৩২/৭; তারিখঃ ২৬/০৯/২০১৭ খ্রিঃ স্মারক প্রত্যাহার করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন থুকড়া ইসলামিয়া ওয়াজেদিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব শেখ আঃ হান্নান কর্তৃক একই বিষয়ে দুইটি প্রতিষ্ঠানে কর্মরত থাকা, সরকারি দপ্তরের বিরুদ্ধে মামলা দায়ের করা এবং বোর্ড কর্তৃক প্রদত্ত সময়ের মধ্যে জবাব প্রদান না করাসহ চাকরিবিধি পরিপন্থি কার্যকলাপে জড়িত থাকায় তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র দপ্তর হতে নং- বামাশিবো/প্রশাসন/খুলনা-৭০/২০৩২/৭; তারিখঃ ২৬/০৯/২০১৭ খ্রিঃ স্মারকে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে অনুরোধ করা হয়।

উক্ত পত্রের প্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেছেন এবং তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ না করার জন্য অনুরোধ করে আবেদন দাখিল করেছেন। দাখিলকৃত জবাবে উল্লেখ করা হয় যে, প্রত্যাশিত ফায়িল মাদ্রাসায় নিয়োগ ও এমপিওভুক্তির লক্ষ্যে অজ্ঞতা বসতঃ মাদ্রাসা কর্তৃপক্ষ ও বিজ্ঞ আইনজীবীর পরামর্শে মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে আবেদন ও পরবর্তিতে একই বিষয়ে মামলা দায়ের করেন কিন্তু কাযত মাদ্রাসার থেকে পদত্যাগ পূর্বক ছাড়পত্র গ্রহণ করেন নাই ও প্রত্যাশিত মাদ্রাসায় দায়িত্বভার গ্রহণসহ কোন ধরনের বেতন ভাতা গ্রহণ করেন নাই। অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা চেয়ে কর্মরত প্রতিষ্ঠান থুকড়া ইসলামিয়া ওয়াজেদিয়া দাখিল মাদ্রাসায় দায়িত্ব পালনের জন্য সহায়তা প্রদানের আবেদন করেন।

অত্র বোর্ডে রক্ষিত নথি ও জনাব শেখ আঃ হান্নান কর্তৃক দাখিলকৃত স্বীকৃত বক্তব্য মতে সুপার কর্তৃক একই সাথে দুই মাদ্রাসার নামে গৃহীত পদক্ষেপ অনাকাঙ্ক্ষিত, অপ্রত্যাশিত ও মারাত্মকভাবে অপেশাদারীত্বের সামিল বিধায় তিনি উক্তরূপ অপেশাদার কর্মকান্ডের সাথে সম্পৃক্ত হবেন না মর্মে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্টাম্পে অজ্ঞিকারনামা দাখিল করেছেন।

বর্ণিত অবস্থায় সার্বিক বিবেচনায় তাঁর বক্তব্য মোতাবেক উক্তরূপ অজ্ঞতা বসতঃ অপেশাদার কাজ/পদক্ষেপের জন্য তাঁকে তিরস্কার করা হলো, ভবিষ্যতে এ ধরনের কার্যক্রম থেকে বিরত থাকার জন্য কঠোরভাবে সতর্ক করা হলো এবং তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র দপ্তর হতে নং- বামাশিবো/প্রশাসন/খুলনা-৭০/২০৩২/৭; তারিখঃ ২৬/০৯/২০১৭ খ্রিঃ স্মারকে জারিকৃত পত্র এতদ্বারা প্রত্যাহার করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব শেখ আঃ হান্নান, সুপার  
থুকড়া ইসলামিয়া ওয়াজেদিয়া দাখিল মাদ্রাসা, ডুমুরিয়া, খুলনা।

নং-বামাশিবো/প্রশাসন/খুলনা-৭০/২৭৬৫/৬

তারিখঃ ৫ .০৩.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা।
৪. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৫. সভাপতি, এ বি জি কে ফাজিল মাদ্রাসা, কেশবপুর, যশোর।
৬. সভাপতি, থুকড়া ইসলামিয়া ওয়াজেদিয়া দাখিল মাদ্রাসা, ডুমুরিয়া, খুলনা।
৭. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪